# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 27 March, 2025

পবিত্র লাইলাতুল কদর বা শবেকদর আজ বৃহস্পতিবার (২৭ মার্চ)। ইসলাম ধর্মে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই রাত যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে সারা দেশে পালিত হবে।হাদিস ও কোরআনের বর্ণনা অনুযায়ী, এই রাত হাজার মাসের চেয়েও শ্রেষ্ঠ।শবে কদরে মহান আল্লাহর অপার রহমত ও বরকত বর্ষিত হয়।ধর্মপ্রাণ মুসলমানরা সারা রাত ইবাদত-বন্দেগিতে মশগুল থেকে আল্লাহর নৈকট্য লাভের চেষ্টা করবেন।

ইসলামী বিশ্বাস অনুযায়ী, পবিত্র রমজান মাসে এই মহিমান্বিত রাতে আল কোরআন অবতীর্ণ হয়েছিল।এ কারণে মুসলমানরা এ রাতকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে পালন করেন।তারা মসজিদ ও নিজ নিজ বাসস্থানে নফল নামাজ, কোরআন তেলাওয়াত, জিকির-আসকার, দোয়া, মিলাদ মাহফিল ও আখেরি মোনাজাতে অংশ নেবেন।

শবে কদর উপলক্ষে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি গণমাধ্যম বিশেষ ধর্মীয় অনুষ্ঠান সম্প্রচার করবে। পাশাপাশি জাতীয় ও স্থানীয় সংবাদপত্রগুলোতে বিশেষ নিবন্ধ প্রকাশিত হবে।

লাইলাতুল কদর ইসলাম ধর্ম হাদিস ও কোরআন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:28

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/69670678